**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 07–10–2023**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, শক্তিশালী সমাজ গঠনে আইনজীবিদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে ।**

**(২) বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ আজ খোয়াই অফিসটিলায় ৮ কোটি ২৪ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত ৩৩ কিলোভোল্ট বিদ্যুৎ সাব স্টেশনের উদ্বোধন করেন ।**

**(৩) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামনের সভাপতিত্বে আজ নতুনদিল্লিতে GST পরিষদের ৫২ তম বৈঠক অনুষ্ঠিত হয় ।**

**(৪) ভারত প্রথমবার এশিয়ান গেমসে ১০০টি পদক অর্জন করায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ক্রীড়াবিদদের অভিনন্দন জানিয়েছেন ।**

***************************************

**CM-Bar Association :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, শক্তিশালী সমাজ গঠনে আইনজীবিদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। 'এক ত্রিপুরা

শ্রেষ্ঠ ত্রিপুরা' গড়া আইনজীবীদের ছাড়া সম্ভব নয়। আজ আগরতলার প্রজ্ঞাভবনে ত্রিপুরার বিভিন্ন বার এসোসিয়েশনগুলির সভাপতি ও সম্পাদকদের সাথে এক মতবিনিময় সভায় মুখ্যমন্ত্রী একথা বলেন। আইন দপ্তর আয়োজিত এই মতবিনিময় সভায় মুখ্যমন্ত্রী আরও বলেন, দেশের সংবিধান রক্ষায় আইনজীবীদের অগ্রণী ভূমিকা রয়েছে। মানুষ যাতে দ্রুততার সাথে মামলার ন্যায় বিচার পায় সেদিকেও আইনজীবীদের দায়িত্ব রয়েছে।

সভায় রাজ্যের বিভিন্ন বার এসোসিয়েশনগুলির উপস্থাপিত পরিকাঠামোসহ আনুষঙ্গিক বিভিন্ন সমস্যাবলি সরকার বিবেচনা করবে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন। সভায় স্বাগত বক্তব্য দেন আইন সচিব বিশ্বজিৎ পালিত। উপস্থিত ছিলেন অতিরিক্ত আইন সচিব অসিত দেবনাথ। সভায় রাজ্যের বিভিন্ন বার এসোসিয়েশনের সভাপতি ও সম্পাদকগণ তাদের মতামত ব্যক্ত করেন।

************************

**CM-Lawyer :**

প্রজ্ঞা ভবনে মুখ্যমন্ত্রী আজ সরকারী আইনজীবিদের সঙ্গেও মত বিনিময় করেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের সরকারি আইনজীবীদের অভিজ্ঞতা ও জ্ঞান কোনো অংশে কম নয়। শুধুমাত্র প্রয়োজন তাদের অর্জিত অভিজ্ঞতার সঠিক বাস্তবায়ণ। এই পেশার মাধ্যমে মানুষকে সেবা করার বিরাট সুযোগ রয়েছে। তিনি বলেন, সরকারি আইনজীবীরা পুলিশের সঙ্গে নিবিড় সম্পর্ক রেখে কাজ করলে অপরাধীদের সাজা পাবার হার আরও বাড়বে।

******************************

**Khowai Sub Station :**

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ আজ খোয়াই অফিসটিলায় ৮ কোটি ২৪ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত ৩৩ কিলোভোল্ট বিদ্যুৎ সাব স্টেশনের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিদ্যুৎমন্ত্রী বলেন, গ্যাস এবং কয়লা থেকে বিদ্যুৎ উৎপাদনের দিন ফুরিয়ে আসছে। দেশের প্রধানমন্ত্রী ভবিষ্যতের কথা চিন্তা করে বিশেষ জোর দিচ্ছেন সৌর বিদ্যুৎ, জলবিদ্যুৎ এবং বায়ু চালিত বিদ্যুৎ উৎপাদনের উপর। বিদ্যুৎমন্ত্রী বলেন, রাজ্যেও সৌর প্রকল্পের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের কাজ শুরু হয়েছে। রাজ্যের মনু, মুহুরী, খোয়াই এবং দেও নদীতে ছোট আকারে বিদ্যুৎ প্রকল্প গড়ে তোলার কাজ শীঘ্রই শুরু হবে। অনুষ্ঠানে বিধায়ক পিনাকী দাস চৌধুরী, টি সি ই এল এর জেনারেল ম্যানেজার রঞ্জন দেববর্মন, জিলা পরিষদের সভাধিপতি জয়দেব দেববর্মা উপস্থিত ছিলেন। এই সাব স্টেশনটি চালুর ফলে মোট ৯টি এলাকার ১৫ হাজার ৭০৫ জন বিদ্যুৎ ভোক্তা উপকৃত হবেন।

*****************************

**I & C Minister at Kailashahar :**

শিল্প ও বানিজ্য দপ্তরের মন্ত্রী সান্ত্বনা চাকমা বলেছেন, কেন্দ্র ও রাজ্য সরকারের স্ব-রোজগারের বিভিন্ন প্রকল্পের সুবিধা কর্মপ্রার্থীদের কাছে পৌঁছে দেবার লক্ষ্যে শিল্প ও বানিজ্য দপ্তর কাজ করছে। কর্মপ্রার্থী যুবক -যুবতীদের স্ব-রোজগারী করার পাশাপাশি আত্মনির্ভর ত্রিপুরা গড়ে তোলা সরকারের লক্ষ্য।

আজ কৈলাশহরের জেলা শিল্প কেন্দ্রে "স্বাবলম্বন" প্রকল্পে ঋণ মঞ্জুরি পত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে তিনি ভাষন দিচ্ছিলেন।

এই অনুষ্ঠানে ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, জেলা শিল্প কেন্দ্রের জেনারেল ম্যানেজার অশ্বিনী রূপিনী প্রমুখ উপস্থিত ছিলেন।

****************************

**Jail Minister at Kailashahar :**

রাজ্যের কারামন্ত্রী সান্ত্বনা চাকমা আজ দুপুরে কৈলাশহর জেলা সংশোধনাগারটি পরিদর্শন করেন। তিনি সেখানকার পরিকাঠামোগত দিক, সুবিধা-অসুবিধা ইত্যাদি সম্পর্কে অবহিত হন।

*****************************

**Mayor-Nagichara :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামী ১২ই অক্টোবর নাগিছড়া ফিশ ট্র্যানশিপমেন্ট ইয়ার্ডের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। আজ ট্র্যানশিপমেন্ট  ইয়ার্ডটি পরিদর্শন করে সাংবাদিক সম্মেলনে একথা জানান মেয়র দীপক মজুমদার। তিনি বলেন সাড়ে তিন কোটি টাকা ব্যয়ে নির্মিত এই ইয়ার্ডটিতে বহিরাজ্য থেকে আসা মাছ পরিবহনকরি গাড়িগুলি থাকবে। এরপর এখান থেকে ছোটো গাড়ি করে মাছ শহরের বাজারগুলিতে আনা হবে। শ্রী মজুমদার বলেন শহরকে যানজট মুক্ত রাখতে ও বাজার এলাকাকে নির্মল ও পরিচ্ছন্ন রাখতে এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বহিরাজ্য থেকে আসা গাড়ির চালক ও সহকারীদের থাকার ও খাওয়ার ব্যবস্থা ও এখানে করা হয়েছে বলে তিনি জানান। উল্লেখ্য রাজ্য সরকার, আগরতলা পুর নিগম ও আর ডি

দপ্তরের উদ্যোগে এই কাজ সম্পন্ন হচ্ছে। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পুর কমিশনার শৈলেশ কুমার যাদব, বিভিন্ন আধিকারিক ও বটতলা এবং মহারাজগঞ্জ বাজার সমিতির সদস্যরা।

**********************

**RBSK AMARPUR :**

রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রম কর্মসুচির অঙ্গ হিসাবে আজ অমরপুর টাউন হলে একদিনের সচেতনতা শিবির অনুষ্ঠিত হয় l অমরপুর মহকুমা হাসপাতালের উদ্যোগে আয়োজিত এই শিবিরের উদ্বোধন করেন বিধায়ক রঞ্জিত দাস l শিবিরে বিশেষভাবে সক্ষম শিশুদের উন্নত চিকিৎসার বিভিন্ন দিক তুলে ধরে বক্তব্য রাখেন অমরপুর মহকুমা হাসপাতালের মেডিক্যাল অফিসার ডাক্তার প্রসেনজিৎ সরকার, রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিক্যাল অফিসার ডাক্তার দূর্বা রায় l এই শিবিরে সুবিধাভোগী ২৮ জন শিশুকে সংবর্ধনা দেওয়া হয় l

*********************

**GST Meeting :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামনের সভাপতিত্বে আজ নতুনদিল্লিতে GST পরিষদের ৫২ তম বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে কেন্দ্রীয় অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী সহ রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের অর্থমন্ত্রীরা উপস্থিত ছিলেন।

বৈঠকের পরে অর্থমন্ত্রী নির্মলা সীতারামন সাংবাদিকদের বলেন, জিএসটি আপিল ট্রাইব্যুনাল এবং বাজরা এবং গুড়ের উপর জিএসটি সম্পর্কে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া

হয়েছে। তিনি বলেন, কাউন্সিল গুড়ের উপর জিএসটি ২৮ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করার সিদ্ধান্ত নিয়েছে যা আখ চাষীদের উপকৃত করবে। অর্থমন্ত্রী আরও জানান যে প্যাকেট বা লেবেল ছাড়া ৭০ শতাংশ বাজরাযুক্ত আটাতে জিএসটি লাগবে না। তবে, প্যাকেট এবং লেবেল যুক্ত বাজরার আটাতে ৫ শতাংশ জিএসটি যোগ হবে। জিএসটি আপিল ট্রাইব্যুনাল সংক্রান্ত সংশোধনী সম্পর্কে তিনি বলেন, সভাপতির সর্বোচ্চ বয়সের মেয়াদ ৭০ বছর পর্যন্ত থাকবে এবং সদস্যদের সর্বোচ্চ বয়সসীমা ৬৭ বছর হবে।

GST কাউন্সিল জল সরবরাহ, জনস্বাস্থ্য, স্বাস্থ্যবিধিসংরক্ষণ, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা, বস্তির উন্নতি এবং সরকারি কর্তৃপক্ষকে উন্নয়নমূলক কাজে সরবরাহ পরিষেবাগুলিকে জিএসটি ছাড় দেওয়ার সুপারিশ করেছে।

*************************

**Sikim :**

সিকিমে ভয়াবহ আকস্মিক বন্যায় মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩০। রাজ্যের বিপর্যয় ব্যবস্থাপনা দফতর জানিয়েছে, সেনা কর্মীসহ এখনো নিখোঁজ ৮১ জন।

যুদ্ধকালীন তৎপরতায় চলছে ত্রাণ ও উদ্ধারের কাজ। যত দ্রুত সম্ভব ১০ নম্বর জাতীয় সড়ক মেরামত করার চেষ্টা চলছে। সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং জানিয়েছেন আটকে পড়া পর্যটকদের রাজ্য ও কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় সব ধরনের সহায়তা দেয়া হচ্ছে। সিকিমে প্রাকৃতিক বিপর্যয়ে ২৫ হাজারের বেশি মানুষ প্রভাবিত হয়েছেন।

সিকিমে অবস্থানরত কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী অজয় কুমার মিশ্র জানিয়েছেন, সিকিমের মানুষের জীবন স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনতে কেন্দ্র ও রাজ্য সরকার যৌথভাবে কাজ করছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সিকিমের বিপর্যয়কে গুরুত্বের সঙ্গে পর্যবেক্ষণ করছেন।

***********************

**Congress Deputation :**

আজ সদর জেলা কংগ্রেস কমিটির পক্ষ থেকে আগরতলা পুরনিগমের কমিশনারের কাছে ডেপুটেশন দেওয়া হয়। বিদ্যুতের মাশুল ও পুর নিগম এলাকায় সম্পত্তি কর বৃদ্ধি এবং পুজার আগে লাইসেন্স প্রাপ্ত স্ট্রিট ভেন্ডারদের পুনর্বাসন ছাড়াই উচ্ছেদ করার প্রতিবাদ জানান তারা। এর আগে কংগ্রেস ভবন থেকে একটি মিছিল শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে পুর নিগম কার্যালয়ে গিয়ে মিলিত হয়। কংগ্রেস মুখপাত্র প্রবীর চক্রবর্তী সরকারের এই সব সিদ্ধান্তকে জনবিরোধী বলে অভিযোগ করেন।

************************

**Distribution of clothes :**

রাজধানীর কের চৌমুহনীস্থিত কালী মন্দিরে প্রতি বছরের মতো এবছরও শারদীয়া দুর্গোৎসবউপলক্ষ্যে আজ দুঃস্থদের মধ্যে এক বস্ত্র বির্তন কর্মসূচির আয়োজন করা হয়। মন্দির প্রাঙ্গনে আয়োজিত এই বস্ত্র বিতরণ কর্মসূচিতে বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। এছাড়াও উপস্থিত ছিলেন আমতলী রামকৃষ্ণ মঠ ও মিশনের অধ্যক্ষ ভবাকান্তনন্দজী মহারাজ, দৈনিক সংবাদ ট্রাস্টের

চেয়ারম্যান সঞ্জয় পাল, মন্দির পরিচালন কমিটির সম্পাদক সন্দীপ দত্ত চৌধুরী সহ অন্য়্নাযরা। আজ মোট ১৫০ জন দুঃস্থ নাগরিকের হাতে বস্ত্র তুলে দেন কর্মসূচিতে উপস্থিত অতিথিরা।

***************************

**Health Fair :**

ভারত সরকারের "আয়ুষ্মান ভবঃ" কর্মসূচির অন্তর্গত স্বাস্থ্যমেলা ও বিশেষজ্ঞ চিকিৎসক পরিচালিত স্বাস্থ্যশিবির আজ ঊনকোটি জেলার কুমারঘাট মহকুমা হাসপাতাল চত্বরে অনুষ্ঠিত হয়।

এর কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, কুমারঘাট পুর পরিষদের চেয়ারম্যান বিশ্বজিৎ দাস। বক্তব্য রাখেন, কুমারঘাট বি,এ,সি'র চেয়ারম্যান তপনজয় রিয়াং, জেলা প্রতিষেধক আধিকারিক ডাঃ সন্দীপন ভট্টাচার্য প্রমুখ।

আয়ুষ্মান ভারত এর জেলা কার্যক্রম আধিকারিক ডাঃ অলকেশ চৌধুরী জানান, আজ এখানে সাত শতাধিক রোগি বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ ও চিকিৎসা পরিসেবা গ্রহন করে।

**************************

**Sourya Jagran Rath :**

ঊনকোটি পাহাড়ে পূজার্চনার মধ্য দিয়ে আজ "শৌর্য জাগরণ রথযাত্রা"র সূচনা হলো।

সেখানে নানা স্থান থেকে সাধু-সন্ত ও আয়োজক সংগঠনের নেতৃত্বরা উপস্থিত ছিলেন।

ধর্মরথটি রাজ্যের আটটি জেলা পরিভ্রমণ করবে এবং স্থানে স্থানে হবে ধর্মসভা। আগামী চৌদ্দই অক্টোবর রাজধানী আগরতলাতে রথ পরিক্রমার সমাপ্তি হবে।

রথযাত্রার সূচনা পর্বে উপস্থিত ছিলেন, রাজ্যের সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়, বিশ্ব হিন্দু পরিষদের নেতৃত্ব পূর্ণচন্দ্র মন্ডল প্রমুখ। তাঁরা বলেন, রাষ্ট্রভক্তি ও শ্রদ্ধাভাব জাগ্রত করা, নেশামুক্ত দেশপ্রেমিক সমাজ গঠনের লক্ষ্যে এই রথযাত্রার আয়োজন।

*******************************

**Asian Games :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু চীনের হাংঝুতে ১৯তম এশিয়ান গেমসে ১০০ পদক জয়ের জন্য ভারতীয় দলকে অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি বলেছেন, ভারত এশিয়ান গেমসে প্রথমবার ১০০টি পদক জিতে ইতিহাস তৈরি করেছে। তিনি বলেন, বহুল প্রতীক্ষিত ক্রীড়া মাইলফলকে পৌঁছাতে খেলোয়াড়রা অসাধারণ নিষ্ঠা, দক্ষতা এবং চরিত্র দেখিয়েছেন। রাষ্ট্রপতি বলেন, দেশ তাদের প্রত্যেকের জন্য অত্যন্ত গর্বিত। তিনি খেলোয়াড়দের অগ্রগতি এবং ভবিষ্যতে আরও সাফল্যের কামনা করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এশিয়ান গেমসে ভারতীয় দলকে ১০০টি পদক জয়ের জন্য ক্রীড়াবিদদের অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেছেন, এশিয়ান গেমসে ভারতের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ অর্জন। তিনি বলেন, ভারতের মানুষ এই ১০০ পদক জয়ে রোমাঞ্চিত। তিনি আগামী মঙ্গলবার

আয়োজিত অনুষ্ঠানে এশিয়ান গেমসের ক্রীড়াবিদদের সঙ্গে আলাপচারিতার জন্য উন্মুক্ত বলে জানিয়েছেন।।

এশিয়ান গেমসে স্বর্ণপদক জয়ের জন্য ভারতীয় কাবাডি মহিলা দলকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

*****************************

**Super League :**

টিএফএ পরিচালিত ঘরোয়া প্রথম ডিভিশন ফুটবল প্রতিযোগিতার সুপার লিগের চতুর্থ খেলায় আজ এগিয়ে চলো সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় এগিয়ে চলো সংঘ ২-০ গোলে লালবাহাদুর ব্যায়ামাগারকে পরাজিত করে। বিজয়ী দলের পক্ষে দুই অর্ধে দুটি গোলই করে মালসুয়ামা দুঙ্গা।

এদিকে, সকালে একই মাঠে অনুষ্ঠিত গতকালের অসমাপ্ত খেলাটির বাকী ১৪ মিনিট শেষ হয়। এতে ফরোয়ার্ড ক্লাব ১-০ গোলে রামকৃষ্ণ ক্লাবকে পরাজিত করে। বিজয়ী দলের মোসেস লালরিন জোয়ালা জয়সূচক গোলটি করে। গতকাল খেলাটি ৭৬ মিনিট পর্যন্ত হওয়ার পর আলোর  অভাবে বন্ধ হয়ে গিয়েছিল।

******************************

**Under-19 Cricket :**

অনূর্ধ্ব-১৯ বছরের মেয়েদের জাতীয় ক্রিকেটে আগামীকাল হরিয়ানার মুখোমুখি হবে ত্রিপুরা। মধ্যপ্রদেশের হোলকার স্টেডিয়ামে হবে ম্যাচটি। আজ প্রস্তুতি সেরে নেয় গোটা দল। আসরে পরে রাজ্যদল গ্রুপের ম্যাচে ১০ অক্টোবর নাগাল্যান্ড,

১২ অক্টোবর বাংলা, ১৪ অক্টোবর উত্তরাখন্ড এবং ১৬ অক্টোবর ছত্তিশগড়ের বিরুদ্ধে খেলবে।

******************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ বত্রিশ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল একত্রিশ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন পঁচিশ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে আটটা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে শূন্য দশমিক দুই মিলিমিটার। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের উত্তর, উনকোটি, খোয়াই এবং পশ্চিম জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুত্ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে।

*********************